গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর,
চট্টগ্রাম অন্চল, চট্টগ্রাম।

অফিস আদেশ

তারিখ- ১৩/৭/২০০২

কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন মাতারবাড়ী আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টিকে শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং শিম/শাঃ ১১/ বিবিধ -০১/৯৬/২৩০-৬০৬ (৪১), তাং- ২৩/৪/১৯৯৭ ইং ১০/৯/১৪০৪ বাং এর মর্মানুযায়ী নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে ১/১/২০০২ তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হইল।

১। স্নাতক শিক্ষকগনকে পর্যায়ক্রমে বি,এড প্রশিক্ষনে প্রেরন করিতে হইবে।

২। আগামী ৬ মাসের মধ্যে জমি জমা খারিজের খতিয়ান দাখিল করিতে হইবে, এই শর্তাধীনে পাঠদানের অনুমতি প্রদান করা হইল।

৩। শিক্ষার গুনগতমান উন্নয়নকল্পে বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক শিক্ষকগনকে পূর্ব প্রস্তুতি সহকারে শ্রেণীকক্ষে সফল পাঠদান নিশ্চিত করিতে হইবে।

৪। বিদ্যালয়ের মাঠ আরোও সম্প্রসারনের ব্যবস্থা গ্রহন করিতে হইবে।

৫। জুনিয়র বৃত্তি পরীক্ষায় ২০% ছাত্র/ছাত্রীর অংশ গ্রহন নিশ্চিত করতঃ ৭০% উত্তীর্ণ ফলাফল অর্জন করিতে হইবে।

৬। বিদ্যালয়ের চারপাশের খালি জায়গায় ফলন ও মূল্যবান বৃক্ষের চারা রোপন করিয়া সুষ্ঠু পরিচর্যা এবং রক্ষনা বেক্ষনের ব্যবস্থা গ্রহন করিতে হইবে।

৭। বিদ্যালয়ের ছাত্রীদের জন্য ২ টি শৌচাগার নির্মান করিতে হইবে।

৮। এই অফিস আদেশ ইস্যুর তারিখ হইতে ৩০ দিনের মধ্যে ৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি এডহক ম্যানেজিং কমিটি গঠন করিয়া অনুমোদনের জন্য নির্বাহী অফিসারের মাধ্যমে অত্রাফিসে দাখিল করিতে হইবে।

৯। পাঠদানের এই প্রাথমিক অনুমতি কোন ক্রমেই স্বীকৃতি বলিয়া গন্য হইবে না।

১০। পাঠদানের এই প্রাথমিক অনুমতির কারণে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাইবে না।

স্বাঃ/- রাহেনারা বেগম
উপ-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর,
চট্টগ্রাম অন্চল, চট্টগ্রাম।

স্মারক নং- ৬২৬০/৪-ঠি

তারিখ- ৩০/৭/02

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হইল :-

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।

৩। উপজেলা নির্বাহী অফিসার মহেশখালী, কক্সবাজার।

৪। প্রধান শিক্ষক, মাতারবাড়ী আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ডাকঃ- মাতারবাড়ী, উপঃ- মহেশখালী, কক্সঃ।

৫। সংরক্ষন নথি।

৩০/৭/02

পক্ষে/- উপ-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর,
চট্টগ্রাম অন্চল, চট্টগ্রাম।

৩০/৭/02

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড , চট্টগ্রাম

স্মারক নং ঃ চশিবো/বিদ্যা/কক্স(মহেশ)/১২৭/২০০৩/২৮-৫৭ (৬)   তারিখঃ- ৫।৩।০৫

প্রেরক ঃ বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম ।

প্রাপক ঃ প্রধান শিক্ষক
মাতারবাড়ি আদর্শ পাবলিক নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
ডাকঘর ঃ মাতাবাড়ি , উপজেলা ঃ মহেশখালী
জেলা ঃ কক্সবাজার।

বিষয় ঃ **নিম্ন মাধ্যমিক একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদান প্রসংগে।**

সূত্র ঃ নং- শিম / শাঃ-১১/ ৬(১)/ ২০০৪/ ৫৯,   তারিখঃ ১২/০১/২০০৫ ইং ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাইতেছে যে,কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন মাতাবাড়ি আদর্শ পাবলিক নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে সরকার সূত্রোক্ত স্মারকে একাডেমিক স্বীকৃতি প্রদানে সম্মত হওয়ায় এবং বিদ্যালয় মঞ্জুরী কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে নিম্নোক্ত শর্তারোপ করিয়া ০১/০১/২০০৫ ইং তারিখ হইতে ০৫ (পাঁচ) বৎসরের জন্য নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ শ্রেণী হইতে ৮ম শ্রেণী পর্যন্ত) একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদান করা হইল। বিদ্যালয় কর্তৃপক্ষ সরকারী অনুদান দাবী করিবেন না- এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করায় এই অনুমতির ফলে সরকারের উপর ইহার আর্থিক দায়- দায়িত্ব বর্তাইবে না ।

শর্তাবলী ঃ

১। বৎসরের প্রথমে পাঠ পরিকল্পনা প্রস্তুত করতঃপূর্ব প্রস্তুতির মাধ্যমে শ্রেণীর পাঠদানের কাজ সমাধা করিতে হইবে।
২। বিদ্যালয়ে স্নাতক পাশ শিক্ষকদের পর্যায়ক্রমে বি,এড প্রশিক্ষণে প্রেরণ করিতে হইবে ।
৩। বিদ্যালয়ের চারিদিকে আরো অধিক পরিমান ফলবান ও মূল্যবান বৃক্ষের চারা রোপন করিয়া উহার যথাযথ রক্ষনাবেক্ষন করিতে হইবে।
৪। বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্র/ছাত্রীদের ২০% জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহন পূর্বক ৭০% পাশের ফলাফল অর্জন করিতে হইবে।
৫। বিদ্যালয়ের মাঠ আরো সম্প্রসারণের ব্যবস্থা করিতে হইবে।
৬। বিদ্যালয়ের ছাত্রীদের জন্য ০২ (দুই)টি পাকা শৌচাগার নির্মাণ করিতে হইবে।

০৫.০৩.০৫
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
চট্টগ্রাম।

০৫।০৩।০৫

স্মারক নং - চশিবো/ বিদ্যা/কক্স(মহেশ)/ ১২৭/২০০৩/   তারিখ :

অনুলিপি ঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে -
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর , শিক্ষা ভবন , ঢাকা ।
২। জেলা প্রশাসক , কক্সবাজার।
৩। উপ-পরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর , চট্টগ্রাম অঞ্চল , চট্টগ্রাম ।
৪। জেলা শিক্ষা অফিসার , কক্সবাজার।
৫। সংরক্ষণ কপি ।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ,
চট্টগ্রাম ।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www. bise-ctg.gov.bd

স্মারক নম্বর- চশিবো/বিদ্যাঃ/কক্সঃ(মহেশ)/১২৭/২০০৩/ ৭৮০ (২) তারিখঃ ১৪/১১/২০২১ খ্রিঃ

প্রেরক ঃ বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।

প্রাপক ঃ প্রধান শিক্ষক,
মাতারবাড়ী আদর্শ উচ্চ বিদ্যালয়
ডাকঃ মাতারবাড়ী, উপজেলাঃ মহেশখালী
জেলাঃ কক্সবাজার।

বিষয় ঃ <u>নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি নবায়ন।</u>

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত ঠিকানাধীন বিদ্যালয়-কে ০১/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি নবায়ন করা হলো। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

অবশ্যই পালনীয় শর্ত ঃ

১। বিধি অনুযায়ী একজন প্রধান শিক্ষক ও একজন সহকারী প্রধান শিক্ষক নিয়োগ করতে হবে।
২। লাইব্রেরীতে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করতে হবে।
৩। লাইব্রেরীতে ২০০০ (দুই হাজার) বই নিশ্চিত করতে হবে।
৪। বোর্ড কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলে রক্ষিত অর্থ ভাঙানো বা প্রত্যাহার করা যাবে না।
৫। বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটির মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে।

(ড. বিপ্লব গাঙ্গুলী)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,
চট্টগ্রাম।

সত্যায়িত

নুর বক্স
প্রধান শিক্ষক
মাতারবাড়ী আদর্শ পাবলিক উচ্চ বিদ্যালয়
মহেশখালী, কক্সবাজার। মোঃ ০১৮৭২-৩৭৩০৫২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি।

১। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।
২। অফিস নথি।